

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 03-07-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Kharchi :**

পুরাতন আগরতলার চতুর্দশদেবতা বাড়িতে সাত দিনব্যাপী ঐতিহ্যবাহী খার্চি উৎসব, মেলা ও প্রদর্শনী আজ থেকে শুরু হচ্ছে। সকাল ১১টায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ঐতিহ্যবাহী এই উৎসবের উদ্বোধন করবেন।

গতকাল স্নানযাত্রা বা অভিষেক পর্বের মধ্যে দিয়ে সূচনা হয় খার্চি পূজার। সন্ধ্যায় মন্দির সংলগ্ন হাওড়া নদীতে চতুর্দশ দেবতার পূজা অবগাহন ও অভিষেক পর্ব অনুষ্ঠিত হয়। চিরাচরিত প্রথায় প্রধান পুরোহিত চন্তাই মহারাজ অভিষেক ও স্নানযাত্রা উৎসব পরিচালনা করেন।

খার্চি উৎসব উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিড নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, এডিসি-র চেয়ারম্যান জগদীশ দেববর্মা এবং মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

\*\*\*\*\*

**PM, tour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পাঁচ দেশীয় রাষ্ট্রীয় সফরের প্রথম পর্যায়ে গতকাল সন্ধ্যায় তিনি ঘানার রাজধানী আক্রায় পৌঁছান। সেদেশের রাষ্ট্রপতি জন মাহামা শ্রী মোদীকে উষ্ণ অভ্যর্থনা জানান। তিন দশকের মধ্যে পশ্চিম আফ্রিকায় এই দেশটিতে কোনও ভারতীয় প্রধানমন্ত্রীর প্রথম সফরে উভয়পক্ষের মধ্যে আলোচনা শেষে চারটি বিষয়ে বোঝাপড়ার চুক্তি স্বাক্ষরিত হয়। প্রধানমন্ত্রীকে সেদেশের সর্বোচ্চ রাষ্ট্রীয় সম্মানও প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Cabinet – Oath :**

রাজ্য মন্ত্রিসভা পুনরায় সম্প্রসারিত হচ্ছে। জানা গেছে, রাজভবনের দরবার হলে আজ দুপুর দেড়টায় শপথগ্রহণ অনুষ্ঠান হবে।

\*\*\*\*\*

### **Jagannath Temple :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, পারিবারিক শিক্ষা শৈশব থেকেই আদর্শ চরিত্র গঠন করতে পারে। এর জন্য পিতামাতা থেকে পরিবারের বয়োজ্যেষ্ঠদের সেইমত আচরন করা উচিত। গতকাল আগরতলার জগন্নাথ জিউ মন্দিরে রথযাত্রা উপলক্ষে আয়োজিত ‘সৎসঙ্গ সাধুসঙ্গ’ শীর্ষক এক ধর্মসভায় রাজ্যপাল একথা বলেন।

\*\*\*\*\*

### **CM-Transport :**

সড়ক দুর্ঘটনা রোধে যানবাহনগুলির নিয়মমাফিক ফিটনেস এবং ওভারলোডিং টেস্টের জন্য আইন প্রনয়ণের উপর গুরুত্ব আরোপ করলেন মুখ্যমন্ত্রী। আগরতলায় স্বামী বিবেকানন্দ ময়দানে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল সড়ক নিরাপত্তার কাজে ব্যবহারের জন্য ১৬টি বেসিক লাইফ সাপোর্ট সিস্টেম সুবিধায়ুক্ত অ্যান্ডুলেটরের উদ্বোধন করেন। তিনি যাত্রী নিরাপত্তার জন্য যানবাহনের অবস্থান ট্র্যাকিং এবং নজরদারি ব্যবস্থার সূচনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, সড়ক সুরক্ষা শুধুমাত্র নিয়ম কানুন বা আইন দ্বারা নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। সড়ক আইন মেনে চলা প্রত্যেক নাগরিকের দায়িত্ব।

\*\*\*\*\*

## **Recruitment - CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা জানিয়েছেন, বিশেষজ্ঞ চিকিৎসার সুযোগ বৃদ্ধির মাধ্যমে জনস্বাস্থ্য পরিষেবাকে আরো উন্নত করতে রাজ্য সরকার চিকিৎসক ও চিকিৎসাকর্মী নিয়োগের প্রক্রিয়া অব্যাহত রেখেছে।

এই প্রচেষ্টার অঙ্গ হিসেবে টিপিএসসি স্পেশালিস্ট মেডিকেল অফিসার পদে ৪৫ জনকে এবং সুপার স্পেশালিস্ট মেডিকেল অফিসার পদে ২ জনকে নিয়োগের জন্য সুপারিশ করেছে। মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট চিকিৎসকদের শুভেচ্ছা জানিয়েছেন এবং তাদের উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করেছেন।

\*\*\*\*\*

## **Courtsey Meet-Suklacharan Naotia :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া গতকাল নতুন দিল্লিতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের প্রতিমন্ত্রী কীর্তিবর্ধন সিং-এর সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। উভয়ের মধ্যে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা ও PM JANMAN প্রকল্প নিয়ে আলোচনা হয়।

\*\*\*\*\*

## **Sudhangshu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাসের সভাপতিত্বে গতকাল সচিবালয়ে ইন্টিগ্রেটেড অ্যাকোয়া পার্কের অগ্রগতি নিয়ে পর্যালোচনা হয়েছে। কেন্দ্রীয় প্রানী সম্পদ বিকাশ মন্ত্রী রাজীব রঞ্জন সিং গত ১৮ মে কৈলাশহরে ইন্টিগ্রেটেড অ্যাকোয়া পার্কের শিলান্যাস করেছিলেন। পর্যালোচনা বৈঠকের পর মৎস্য মন্ত্রী জানান, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় ৪২ কোটি ৪ লক্ষ টাকা খরচে অত্যাধুনিক প্রযুক্তির এই পার্ক তৈরি করা হচ্ছে। তিনি জানান, সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রকল্পের

সময়রেখা কঠোরভাবে মেনে চলা এবং কার্যকর সময় নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

### **DAJBA -Jampuijala :**

জম্পুইজলা ব্লকের তুইসিকামুখ এবং চিকনছড়ায় গতকাল ধরতি আবা জনভাগীদারি অভিযানের অঙ্গ হিসেবে প্রশাসনিক ও স্বাস্থ্যসচেতনতা শিবিরের আয়োজন করা হয়। দুটি শিবিরেই এস.টি., পি.আর.টি.সি. এবং ইনকাম সার্টিফিকেটের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। শিবিরে মহকুমা প্রশাসন ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণতঃ মেঘাচ্ছন্ন থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ দু'এক পশলা হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*